চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
রেজিস্ট্রার অফিস
সংযুক্ত শাখা
গ্রহণের ক্রমিক নং: ৬৬২৯
গ্রহণের তারিখ: ২৫/১১/২৫
স্বাক্ষর:

রেজিস্ট্রার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
**ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমই ফাউন্ডেশন)**
পর্যটন ভবন, ই/৫, সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
ফোন: ০২-৪১০২৪১০৮, ৪১০২৪১০৯, ৪১০২৪১১০
www.smef.gov.bd

SME FOUNDATION

স্মারক: ৩৬.১২.০০০০.০০০.০৩৯.৯৯.০০০৫.২৫ - ১৩৩৪৫১

তারিখ: ২৪ কার্তিক ১৪৩২
০৯ নভেম্বর ২০২৫

বিষয়: এসএমই ফাউন্ডেশন আয়োজিত **"এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতা-২০২৫ (SME Business Plan Competition-2025)"** কার্যক্রমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

উন্নত বাংলাদেশের অন্যতম স্তম্ভ উন্নত অর্থনীতি, উন্নত অর্থনীতির শর্ত উদ্যোক্তা সৃষ্টি তথা দেশের ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) খাতের উন্নয়ন। দেশের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও বেকারত্ব দূরীকরণের লক্ষ্যে ২০০৭ সালে এসএমই ফাউন্ডেশন কার্যক্রম শুরু করে। শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন একটি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হিসেবে এসএমই ফাউন্ডেশন সরকার গৃহীত জাতীয় এসএমই নীতিমালা বাস্তবায়নে সারা দেশে এসএমই খাতের উন্নয়নে বিশেষত নতুন উদ্যোক্তা সৃষ্টি এবং বিদ্যমান উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধি, বাজার সংযোগ, প্রযুক্তি সহায়তা ও অর্থায়নের সুযোগ সৃষ্টিতে কাজ করছে।

বাংলাদেশের প্রেক্ষাপটে এসএমই খাতে বিশেষ করে ক্ষুদ্র শিল্প উদ্যোক্তাগণ ব্যবসায় পরিকল্পনা বিষয় সম্পর্কে ততটা সচেতন নয়। অথচ সফল ও লাভজনকভাবে ব্যবসা পরিচালনা ও নতুনভাবে এসএমই উদ্যোগ নেয়ার ক্ষেত্রে ব্যবসায় পরিকল্পনা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অনিবার্য পূর্বশর্ত। **এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতার** মৌলিক কৌশল হিসেবে এসএমই উদ্যোক্তারা সফল ও লাভজনকভাবে ব্যবসা পরিচালনার জন্য বাজার চাহিদা নিরূপণ, বিপণন ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা, জনবল ব্যবস্থাপনা, বিক্রয় লক্ষ্যমাত্রা নিরূপণ, কারখানার উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহৃত উপকরণ ও সম্পদের যথাযথ ব্যবহার, ব্যবসার ঝুঁকি নির্ণয় এবং ঝুঁকি নিরসনে পদক্ষেপ গ্রহণ, সাশ্রয়ীমূল্যে পণ্য উৎপাদন, লাভ-ক্ষতির হিসাবসহ আর্থিক বিশ্লেষণ, উৎপাদনশীলতা উন্নয়ন ইত্যাদি বিষয়ে পূর্ব হতেই সজাগ এবং সচেষ্ট হতে পারবে।

এ প্রেক্ষিতে এসএমই ফাউন্ডেশন দেশব্যাপী সম্ভাবনাময় ও সৃজনশীল ব্যবসায়িক ধারণা খুঁজে বের করার মাধ্যমে নতুন উদ্যোক্তা গড়ে তোলা এবং এসএমই খাতের বিকাশের লক্ষ্যে ২০১১ সাল হতে **'এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতা'** আয়োজন করে আসছে। এরই ধারাবাহিকতায় এবং বর্তমান প্রেক্ষাপট চাহিদা অনুসারে চলতি বছরেও এসএমই ফাউন্ডেশন **'এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতা-২০২৫'** আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। প্রতিযোগিতার নিয়মাবলী, আবেদনের লিঙ্ক ও অন্যান্য তথ্যাবলী ফাউন্ডেশনের ওয়েবসাইট (https://smef.gov.bd/) থেকে সংগ্রহ করা যাবে। এছাড়া প্রয়োজনে ফাউন্ডেশনের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে (০১৭৩১৫৯৫২০৬ ও ০১৭৪১০২৭২৫৩)। আবেদন করার শেষ তারিখ ৩০ নভেম্বর ২০২৫।

চাকুরী নয়, উদ্যোক্তা হবো-মানসিকতা তৈরি, ব্যবসায় সৃজনশীলতা এবং ব্যবসায়িক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে এসএমই ফাউন্ডেশন দেশের বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের **'এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতা-২০২৫'** -এ সর্বাধিক অংশগ্রহণের বিষয়ে বিশেষ গুরুত্ব প্রদান করছে।

**"এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতা-২০২৫ (SME Business Plan Competition-2025)"** -এ অংশগ্রহণে আপনার বিশ্ববিদ্যালয়ের আগ্রহী শিক্ষার্থীদের আবেদনে উদ্বুদ্ধ করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে আপনার সহযোগিতা কামনা করছি।

**সংলাগ:** প্রতিযোগিতার তথ্য সংবলিত লিফলেট

(আনোয়ার হোসেন চৌধুরী)
ব্যবস্থাপনা পরিচালক (গ্রেড-১)

উপাচার্য
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

স্মারক নং-একা- ৬৪২/২০২৫/১৪১১৬(৮৬)

২৬.১১.২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো: (বিজ্ঞপ্তি সংযুক্ত)

১. ডিন, সকল অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
২. সভাপতি, সকল বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
৩. পরিচালক, সকল ইনস্টিটিউট, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
(১–৩: শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ)
৪. পরিচালক, আইসিটি সেল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো]
৫. হিসাব নিয়ামক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
৬. ডেপুটি রেজিস্ট্রার, তথ্য ও ফটোগ্রাফি শাখা, রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [বহুল প্রচারের অনুরোধসহ]
৭. ডেপুটি রেজিস্ট্রার, উপাচার্য দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৮. ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
৯. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক) দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য]
১০. সহকারী রেজিস্ট্রার (সংযুক্ত শাখা), রেজিস্ট্রার দপ্তর, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় [রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য]
১১. নথি

২৬-১১-২৫
(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার অফিস
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

SME BUSINESS PLAN COMPETITION 2025

# আপনার ব্যবসায়িক আইডিয়া-ই হতে পারে পরবর্তী সফল উদ্যোগ!

**এসএমই ব্যবসায় পরিকল্পনা প্রতিযোগিতা-২০২৫**

## আবেদন আহ্বান

### অংশগ্রহণের যোগ্যতা

- বাংলাদেশের নাগরিক হতে হবে
- শিক্ষাগত যোগ্যতা- ন্যূনতম এইচ.এস.সি. পাস/সমমান
- বয়স- ন্যূনতম ১৮ বছর

আবেদনের জন্য স্ক্যান করুন

## পুরস্কার

| ১ম | ২য় | ৩য় |
|---|---|---|
| ৫ লক্ষ টাকা | ৩ লক্ষ টাকা | ২ লক্ষ টাকা |

### অন্যান্য সুবিধা

- উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ
- মেন্টরশিপ
- বিজনেস ইনকিউবেশন
- ঋণ প্রাপ্তিতে সহযোগিতা
- বাজার সংযোগ

আবেদনের শেষ তারিখ

**৩০ নভেম্বর ২০২৫**

**ক্ষুদ্র ও মাঝারি শিল্প ফাউন্ডেশন (এসএমইএফ)**
**শিল্প মন্ত্রণালয়**

০১৭৪১০২৭২৫৩, ০১৭৩১৫৯৫২০৬
সকাল ৯টা-বিকাল ৫টা পর্যন্ত (সরকারি ছুটির দিন ব্যতীত)

**এসএমই ফাউন্ডেশন**
পর্যটন ভবন (৭ম-৮ম তলা), ই-৫/সি-১, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭

**ইন্সটিটিউট অব এসএমই ফাউন্ডেশন**
জহির স্মার্ট টাওয়ার (৫ম তলা), ২০৫/১/এ, বেগম রোকেয়া সরণি, ঢাকা-১২০৭